"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"


রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ISLAMIC ARABIC UNIVERSITY

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।


স্মারকনং-ইআবি/একা-৫/ফা.ভর্তি/২০১৫/ ৩৭২৮ তারিখঃ ১২/০৭/২০১৭ইং

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (পাস) ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ভর্তি ও রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি' জমা দিতে হবে।

### ভর্তি ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী

১। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ঃ

(ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি ১০/১০/২০১৭ ইং তারিখ হতে ০৪/০১/২০১৮ ইং তারিখ পর্যন্ত।

(খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' ব্যাংক অনলাইন/টি,টি, (যেখানে অনলাইন ব্যাংকি নেই) এর মাধ্যমে জমা দেয়ার শেষ তারিখ ০৭/০১/২০১৮ ইং।

(গ) বিলম্ব ফি' সহ ভর্তি ০৮/০১/২০১৮ ইং তারিখ হতে ১৫/০১/২০১৮ ইং তারিখ পর্যন্ত।

(ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' ব্যাংক অনলাইন/টি,টি, এর মাধ্যমে জমা দেয়ার শেষ তারিখ ১৬/০১/২০১৮ ইং।

২। ভর্তি কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের নিমিত্তে প্রতিটি মাদরাসায় নিম্নরূপ একটি করে কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি (গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | ফাজিল পর্যায়ে একজন শিক্ষক (প্রভাষক/ সহকারী অধ্যাপক, অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

৩। ফাজিল (পাস) শ্রেণীতে ভর্তির যোগ্যতাঃ

২০১৬/২০১৭ সনে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফাজিল (পাস) ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। (২০১৬ সালে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবিরতি ফি' দিতে হবে।)

প্রাথমিক পাঠদানের অনুমতিবিহীন অথবা অধিভুক্তি বাতিল মাদরাসাসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

৪। দাখিল ও আলিম পরীক্ষা পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

৫। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন এবং মাদরাসাসমূহের eSIF তালিকা প্রেরণের সময়সূচীঃ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (পাস) শ্রেণীতে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির পর নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখ ও বিভাগ অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং/টি,টি, রশিদের মূল কপি ও ২ কপি esif লিস্টসহ আনুষাঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বছিলাস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

| বিভাগ | eSIF পূরণের তারিখ | জমা দেয়ার স্থান |
|---|---|---|
| ঢাকা ও ময়মনসিংহ | ২৮/০১/২০১৮ ইং হতে ০৪/০২/২০১৮ ইং পর্যন্ত | বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| চট্টগ্রাম | ০৫/০২/২০১৮ ইং হতে ১১/০২/২০১৮ ইং পর্যন্ত | |
| রাজশাহী ও খুলনা | ১২/০২/২০১৮ ইং হতে ১৮/০২/২০১৮ ইং পর্যন্ত | |
| বরিশাল, রংপুর ও সিলেট | ১৯/০২/২০১৮ ইং হতে ২৫/০২/২০১৮ ইং পর্যন্ত | |

৬। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

একটি অঙ্গীকারনামা দিতে হবে যে, **"আমি ভালভাবে বুঝে শুনেই এ মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এ মাদরাসা পরিবর্তন করে অন্য কোন মাদরাসায় ভর্তির জন্যে আবেদন করবো না।"**

৭। **ফাজিল (পাস) শ্রেণির রেজিস্ট্রেশন ফি' এর হার:**

বিলম্ব ফি' ছাড়া

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি.ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল (পাস) | ৫০ | ২৫০/- | ২৫০/- | ৫০/- | ২৫/- | ১৫০/- |

বিলম্ব ফি' সহ

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি.ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল (পাস) | ৫০ | ৪০০/- | ৩৫০/- | ৫০/- | ২৫/- | ১৫০/- |

ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি', ক্রীড়া ফি ও শিক্ষা বিরতি ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি'

(ক) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৪৭৫/- টাকা,

(খ) বিলম্ব ফি' ছাড়া ও শিক্ষা বিরতি ফি' সহ প্রতি ছাত্র/ছাত্রী ৫৫০/- টাকা,

(গ) বিলম্ব ফি' সহ ও শিক্ষা বিরতি ফি' ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৬৫০/- টাকা হারে এবং

(ঘ) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' সহ প্রতি ছাত্র/ছাত্রী ৭২৫/- হারে এর ব্যাংক অনলাইন/টি,টি, অগ্রণী ব্যাংকের যেকোন শাখা থেকে **(রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর হিসাব নম্বর ঃ (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে।** অনলাইন ব্যাংকিং /টি.টি রশিদের অপর পৃষ্ঠায় মাদরাসা অধ্যক্ষের সীল ও স্বাক্ষরসহ রশিদটি eSIF তালিকা এর সাথে সংযুক্ত করতে হবে।

(৯) যে সকল শিক্ষার্থীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম eSIF লিস্টে লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে।

(১০) ছাত্র ও ছাত্রীর সংখ্যা আলাদা ভাবে উল্লেখ করতে হবে।

(১১) প্রাথমিক পাঠদানের নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সাথে সংযুক্ত করতে হবে।

(১২) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (পাস) শ্রেণীতে **১ম** বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য উঠানো পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত রঙিন) ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

(১৩) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ফাজিল (পাস) পাস শ্রেণীতে **১ম** বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২৫/০১/২০১৮ইং তারিখ হতে শুরু হবে।

(১৪) ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

(১৫) **উল্লেখ্য, অনলাইন রেজিস্টেশনের সময় ঝাপসা বা অন্য কোন ছবি দেয়া যাবে না ও নির্ধারিত তারিখের পরে কোন শিক্ষার্থীর অনলাইন রেজিস্টেশনের সুযোগ প্রদান করা হবে না।**

ফাজিল (পাস) শ্রেণিতে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন (ফাজিল ও কামিল মাদরাসা অধিভূক্তি, একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স) অনুযায়ী এবং বিশ্ববিদ্যালয়ে প্রণীত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে।

১২/৭/২০১৭

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

aminul/fazil pass/2017/2018